

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৭৭

১/ বিবিধ

আরবী

من قال: جزى الله عنا محمدا صلى الله عليه وسلم بما هو أهله، أتعب سبعين كاتبا ألف صباح ضعيف جدا

أخرجه الطبراني في " الكبير " (3/124/2) وعنه أبو نعيم في " الحلية " (3/206) وابن شاهين في " الترغيب والترهيب " (ق 2/06/1) وأبو نعيم أيضا في " أخبار أصبهان " (2/230) من طرق عكرمة عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره

وقال أبو نعيم

حديث غريب من حديث عكرمة، وجعفر، ومعاوية، تفرد به هانيء

قلت: وهو ضعيف جدا، قال ابن حبان

كان تدخل عليه المناكير، وكثرت، فلا يجوز الاحتجاج به بحال، فمن مناكيره قلت: ثم ساق له أحاديث هذا أحدها، وأورده ابن أبي حاتم (4/2/102) ولم يذكر فيه جرحا، ولكنه قال

سألت أبي عنه فقال: أدركته ولم أسمع منه، وفي نسخة: " ولم أكتب عنه " وهي الموافقة لما نقله الحافظ في " اللسان " عن أبي حاتم

قلت: وكأن أبا حاتم رحمه الله يشير إلى أنه أعرض عنه وتركه، والله أعلم



১০৭৭। যে ব্যক্তি বলবেঃ আল্লাহ তা'আলা আমাদের পক্ষ হতে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তার জন্য যেরূপ উপযোগী সেরূপ বদলা দান করুন। (তার জন্য সাওয়াব লিখতে) এক হাজার সকাল সত্তরজন লেখককে কষ্ট দিবে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি ত্ববারানী "আল-কাবীর" গ্রন্থে (৩/১২৪/২), তার থেকে আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/২০৬), ইবনু শাহীন "আত-তারগীব অততারহীব" গ্রন্থে (কাফ ১/২৬০) এবং আবু নুয়াইম "আখবারু আসবাহান" গ্রন্থে (২/২৩০) বিভিন্ন সূত্রে হানীউ ইবনুল মুতাওয়াক্কিল আল-ইস্কান্দারানী হতে, তিনি মুয়াবিয়াহ ইবনু সালেহ্ হতে, তিনি জাফর ইবনু মুহাম্মদ হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আবু নুয়াইম বলেনঃ ইকরিমাহ, জাফার ও মুয়াবিয়ার হাদীস হতে হাদীসটি গারীব। হানীউ হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (হানীউ) খুবই দুর্বল। ইবনু হিব্বান বলেনঃ তার উপর অধিক পরিমাণে মুনকার প্রবেশ করত। কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ করা জায়েয় নয়।

অতঃপর তিনি তার কতিপয় হাদীস উল্লেখ করেছেন এটি সেগুলোর একটি। ইবনু আবী হাতিম (৪/২/১০২) তাকে উল্লেখ করে তার সম্পর্কে মন্দ কোন মন্তব্য করেননি। তবে তিনি বলেছেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ আমি তাকে পেয়েছি অথচ তার থেকে শুনতাম না। অন্য কপিতে এসেছেঃ তার থেকে লিখতাম না। হাফিয ইবনু হাজার "আল-মীযান" গ্রন্থে আবু হাতিমের উদ্ধৃতিতে যা উল্লেখ করেছেন তা এর সাথেই মিলে যায়।

আমি (আলবানী) বলছিঃ আবু হাতিম যেন ইঞ্চিত করছেন যে, তিনি তার থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন এবং তাকে পরিত্যাগ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন